গাংনীতে একটি মাদ্রাসার কাছে থেকে ৪টি বোম উদ্ধার

মেহেরপুরের গাংনী উপজেলার মানিকদিয়া মাদ্রাসার কাছ থেকে ৪ টি বোমা উদ্ধার করেছে পুলিশ। পরিত্যক্ত অবস্থায় আজ বৃহস্পতিবার ভোরে বোমাগুলো উদ্ধার করে পানি বালুভর্তি বালতিতে রেখে প্রাথমিক নিষ্ক্রিয় করে পুলিশ। আতঙ্ক ছড়ানোর জন্য দুর্বৃত্তরা বোমা গুলো ফেলে রেখে যেতে পারে বলে প্রাথমিকভাবে পুলিশের ধারণা।
পুলিশ সূত্রে জানা গেছে, মানিকদিয়া এগারপাড়া দাখিল মাদ্রাসার পাশে বোমা পড়ে থাকার খবর পায় পুলিশ।
হেমায়েতপুর পুলিশ ক্যাম্পের এএস আই শাকিল খান সঙ্গীয় ফোর্স নিয়ে ঘটনাস্থল থেকে লাল স্কচ টেপ দিয়ে মোড়ানো চারটি বোমা উদ্ধার করতে সক্ষম হন।
আতঙ্ক সৃষ্টি করার জন্য বোমাগুলো দুর্বৃত্তরা রাখতে পারে। এই ঘটনায় জড়িতদের খুঁজে বের করার চেষ্টা চলছে বলে জানান এসআই শাকিল খান।
-গাংনী প্রতিনিধি

মেহেরপুরে সড়ক দুর্ঘটনায় নিহত ১, আহত ২

মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মোটরসাইকেল ও ট্রাক্টরের মুখোমুখি সংঘর্ষে মোস্তাক হোসেন ২০ নামের এক যুবক নিহত হয়েছে। নিহত মোস্তাক সদর উপজেলার চকশ্যামনগর গ্রামের ছমিরুল ইসলাম এর ছেলে। পেশায় রাজমিস্ত্রি ছিল মোস্তাক । আজ রাত সাড়ে আটটার দিকে এ দুর্ঘটনা ঘটে।
এ সময় আরো দুজন আহত হয়। আহতরা হলেন, সদর উপজেলার আমদহ গ্রামের আজাদ আলী ৪৫ ও জাহিদ হোসেন ৪০। এদের মধ্যে আজাদ আলীর অবস্থা আশংকাজনক হওয়ায় তাকে কুষ্টিয়া মেডিকেল কলেজ হাসপাতালে রেফার্ড

করেছে চিকিৎসকরা।
মেহেরপুর সদর থানার ওসি শাহ দারা খান জানান, রাত সাড়ে আটটার দিকে মেহেরপুর শহরের পন্ডের ঘাট এলাকায় মুজিবনগর সড়কে দুটি মোটরসাইকেল ও ট্রাক্টর এর সাথে মুখোমুখি সংঘর্ষ হলে ঘটনাস্থলে দুই মোটরসাইকেলের ৩ আরোহী গুরুতর আহত হয়। এসময় স্থানীয়রা তাদের উদ্ধার করে মেহেরপুর জেনারেল হাসপাতালে ভর্তি করে। আহতদের মধ্যে মোস্তাক এর অবস্থা সংকটপূর্ণ হওয়ায় তাকে রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে রেফাড করে ইমার্জেন্সি মেডিকেল অফিসার। রাজশাহী যাওয়ার পথে মোস্তাক এর মৃত্যু হয়। বাকি আহত ২জন মেহেরপুর ও কুষ্টিয়া হাসপাতালে চিকিৎসাধীন রয়েছে। ওসি আরো জানান, ঘটনার পর থেকে ঘাতক ট্রাক চালক পলাতক রয়েছে। নিহতের পরিবার থেকে থানায় অভিযোগ দিলে আইনগত ব্যবস্থা নেওয়া হবে।

নিজস্ব প্রতিনিধি

গাংনী ইউএনও’র বিরুদ্ধে উদ্ধত্যপূর্ণ আচরণের প্রতিবাদ

মেহেরপুরের গাংনী উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমানের উদ্ধত্যপূর্ণ আচরণের প্রতিবাদে সাংবাদিক সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

গতকার মঙ্গলবার দুপুরে পিআইও অফিসের কনফারেন্স রুমে উপজেলার ৮টি ইউনিয়ন পরিষদ চেয়ারম্যানের উপস্থিতি ও স্বাক্ষরিত একটি লিখিত সংবাদ সম্মেলনের বক্তব্য পাঠ করে শোনান বামন্দী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান ও জেলা আওয়ামী লীগের সহ-সভাপতি শহিদুল ইসলাম বিশ্বাস।

লিখিত বক্তব্যে তিনি বলেন বর্তমান গাংনী উপজেলা নির্বাহী অফিসার দিলারা রহমান গত ০৪/০৮/১৯ ইং তারিখে যোগদানের পর থেকে বিভিন্ন সময়ে বিভিন্ন মাধ্যমে চেয়ারম্যান বৃন্দকে দূর্ণীতিবাজ এবং উপজেলার কর্মরত অফিসার ও কর্মচারীদের সাথে উদ্ধত্যপূর্ণ ও অশোভন আচরণ করে আসছে।

যা সকলের মাঝে ক্ষোভের সৃষ্টি হয়েছে বলে তিনি দাবি করেন। এমনকি

তিনি মাসিক সভায় গাংনী থানার অফিসার ইনচার্জকে প্রশ্ন করেন আপনি এ মাসিক সভায় কেন? এতে তিনি সবার সামনে বিব্রত বোধ করেন। এতে করে আইন শৃংঙ্খলা বাহিনীর সাথে সম্পর্কের অবনতি ঘটে বলেও সংবাদ সম্মেলনের লিখিত বক্তব্যে দাবি করেন। যার ফলে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা কর্তৃক ঘোষিত উন্নয়নের গণতন্ত্র ও সমৃদ্ধির অগ্রযাত্রায় বাধা সৃষ্টি হচ্ছে।

এমনি উদ্ভুত পরিস্থিতিতে সকল চেয়ারম্যানবৃন্দ অদ্য হতে সিদ্ধান্ত গ্রহণ করেন যে, উপজেলা নির্বাহী অফিসার জনাবা দিলারা রহমান অত্র কার্যালয়ে কর্মরত থাকাবস্থায় উপজেলা পরিষদের সকল কর্মকান্ড হতে বিরত থাকবে। এ সময় উপস্থিৎ জনপ্রতিনিধি গণ উদ্ধত্যপূর্ণ আচরণের প্রতিবাদ ও নিন্দা জানান।

সংবাদ সম্মেলনের বিষয়ে জানতে চাইলে উপজেলা নির্বাহী কর্মকর্তা দিলারা রহমান জানান, আমি কোন অনিয়ম করিনা এবং কোন অনিয়ম সহ্য করা হবে না। তবে চেয়ারম্যানবৃন্দ আমাকে একটি ফাইলে স্বাক্ষর করার জন্য অনুরোধ করলে আমি নীতিমালা অনুযায়ী ফাইলটি স্বাক্ষর করবো না বললে চেয়ারম্যানবৃন্দ হয়তো আমার প্রতি খুশি হতে পারেননি। তবে আমি কারো সাথে কখনও আমার কর্মজীবনে কারোর সাথে দূর্ব্যবহার ও অসদাচরণ করেছি বলে মনে পড়েনা।

গাংনী প্রতিনিধি

গাংনীতে বউ এর উপর অভিমান করে স্বামীর বিষপান

বউ এর উপর অভিমান করে মাঠে গিয়ে বিষপান করে আত্মহত্যার চেষ্টা করেছেন রঞ্জিত নামের এক ব্যক্তি।
মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলা ধানখোলা গ্রামের একটি মাঠে তিনি বিষপান করেন। রঞ্জিত ধানখোলা উত্তরপাড়ার মোখলেস হোসেনের ছেলে।

স্থানীয়রা জানান, দাম্পত্য কলহের জের ধরে বউ এর অভিমান করে বাড়ি

থেকে বের হয়ে মাঠে যায়। পরে সে সেখানে বিষপান করে। এসময় সে ছটফট করলে স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে তার বিষ উত্তোলন করা হয়। তবে এখনো সে আশংকামৃক্ত নয়।

তবে রঞ্জিতের ভাবি জানান, রঞ্জিতের সাথে অনেকজন টাকা পায়। টাকা পরিশোধ করতে না পেরে পাওনাদারদের চাপ সহ্য করতে না পেরে আত্মহত্যার চেষ্টা করে।

গাংনীতে সড়ক দুর্ঘটনায় গৃহবধু আহত

মেহেরপুরের গাংনীতে শ্যালো ইঞ্জিন চালিত পাখি ভ্যান উল্টিয়ে আমেনা বেগম নামেক এক গৃহবধু আহ হয়েছেন। তাকে কুষ্টিয়া মেডিক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করা হয়েছে।

মঙ্গলবার সকাল সাড়ে ৯টার দিকে উপজেলার সহড়াবাড়িয়া রুয়ের কান্দি মাঠের সড়কে এ দুর্ঘটনা ঘটে। আহত আমেনা বেগম রুয়ের কান্দি ◌্রগামের সামসুল হক মাষ্টারের স্ত্রী।

জানা গেছে, আমেনা বেগম নিজ বাড়ি থেকে উপজেলার মিনাপাড়া শিমুলতলা গ্রামে মায়ের বাড়ির যাচ্ছিলেন। পথিমধ্যে পাখি ভ্যানইট উল্টে গিযে তিনি মারাত্মক জখম হন। স্থানীয়রা তাকে উদ্ধার করে গাংনী উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সে ভর্তি করে। সেখানে প্রাথমিক চিকিৎসা দিয়ে কুষ্টিয়া মেডক্যাল কলেজ হাসপাতালে রেফার্ড করেন কর্তব্যরত চিকিৎসক।
-গাংনী প্রতিনিধি

অরক্ষিত টিটিসি, চুরি হলো অধিকাংশ কম্পিউটারের হার্ডডিস্ক

মেহেরপুর কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানে (টিটিসি) রাতের আধারে দুঃসাহসিক চুরির ঘটনা ঘটেছে। রবিবার দিবাগত রাতের কোন এক সময় তৃতীয় তলার দুটি ট্রেডের তালা ভেঙ্গে এ চুরির কাজ করেছে বলেছে জানা গেছে। তবে কারা এর সাথে জড়িত এ বিষয়ে নিশ্চিৎ করা না গেলেও চোররা যে আইসিটি বিষয়ে পারদর্শি তাতে সন্দেহ নেই কারও।

৭৬টি কম্পিউটারের র্যাম, প্রসেসর, হার্ড ডিস্ক সহ দামি জিনিস গুলো নিয়ে গেছে সংবদ্ধ চোর সদস্যরা।

এদিকে সরকারি ভবনে এতো বড় চুরির ঘটনায় জনমনে নানা প্রশ্ন উঠেছে। লাখ লাখ টাকার যন্ত্রপাতির কোন সুরক্ষা থাকেনা সরকারি অফিসে। এ দায় কার, প্রশ্ন সাধারণ জনগণের।

সিসি ক্যামেরার ফুটেজ দেখে ধারনা করা হচ্ছে একাধিক ব্যাক্তি এর সাথে জড়িত। যে ক্যামেরা টি গেটে লাগানো ছিল ভিতরে প্রবেশের পর সেটি বন্ধ করে দেয় চোরের দল।
পুলিশের প্রাথমিক ধারনা এটা পরিকল্পিতভাবে চুরি করা হয়েছে। সেই সাথে এই টিটিসি ভবন সম্পর্কে চোরের যথেষ্ট ধারনা আছে।

এ বিষয়ে টিটিসির ভারপ্রাপ্ত অধ্যক্ষ শহিদুল ইসলাম জানান, রাত ১২টা পর্যন্ত আমি ইন্টারনেটের সঙ্গে যুক্ত ছিলাম। এর পর আমি ঘুমিয়ে যায়। সকালে অফিসে এসে দেখি দুটি কক্ষের তালা ভাঙ্গা। ভিতরে প্রবেশ করার পর চোখে পড়ে কম্পিউটার গুলো ভাঙা অবস্থায় পড়ে আছে এবং এর ভিতরের বিভিন্ন দামি যন্ত্রগুলো নেই। এ ঘটনা মেহেরপুর জেলা গোয়েন্দা পুলিশকে জানানো হলে তারা এসে পরিদর্শন করে। পরে মেহেরপুর সদর থানা পুলিশের একটি দল ঘটনাস্থলে আসে। কারা কিভাবে এতো বড় চুরির ঘটনা ঘটিয়েছে এব্যাপারে কিছু বলা যাচ্ছে না।

এ ব্যাপারে জেলা গোয়েন্দা পুলিশের ওসি রবিউল ইসলাম জানান, চোর যে বা যারাই হোক না কেন খুব তাড়াতাড়ি তাদের আইনের আওতায় নিয়ে আসা হবে। ইতি মধ্যে সিটি ফুটেজ ও ফিঙ্গার প্রিন্ট নমুনা সংগ্রহ

করা হয়েছে। এগুলো পরীক্ষা নিরীক্ষা করা হচ্ছে। আমাদের অভিযান অব্যাহত আছে। অল্প কয়েকদিনের মধ্যে চোর চক্রকে আটক করা হবে। -নিজস্ব প্রতিনিধি

গাংনীতে ইয়াবাসহ ৩জন আটক

মেহেরপুরের গাংনী উপজেলার ভোলাডাঙ্গা গ্রাম থেকে ৪০ পিচ ইয়াবাসহ তিনজনকে আটক করেছে গাংনী থানা পুলিশ।

সোমবার সন্ধ্যা সাড়ে ৭টার সময় ভোলাডাঙ্গা মাঠ নামক স্থানে তাদের আটক করা হয়।
আটককৃতরা হলো, নান্দবার গ্রামের ইউনুচ আলির ছেলে রিপন (৩৮), দুর্লভপুর গ্রামের গাজি রহমানের ছেলে মো: ওয়াদুদ (২২) ও মোড়ভাঙ্গা গ্রামের মৃত কফিল উদ্দিনের ছেলে সলিম (৩২)।

গাংনী থানাসুত্রে প্রকাশ, গোপন সংবাদের ভিত্তি হেমায়েতপুর ক্যাম্প ইনচার্জ এস আই সাকিলের নেতৃত্বে সঙ্গীয় ফোর্স নিয়ে বামন্দী থেকে আলমডাঙ্গা যাওয়ার পথে ভোলাডাঙ্গা গ্রামের মাঠ থেকে তাদের আটক করা হয়। এসময় তল্লাশী করে তাদের নিকট থেকে ৪০ পিচ ইয়াবা উদ্ধার করা হয়।

গাংনী থানার ওসি ওবাইদুর রহমান জানান, আটককৃতদের মাদকদ্রব্য আইনে মামলা দায়ের পূর্বক মেহেরপুর কোর্টে পাঠানো হবে। এরা সকলেই চুয়াডাঙ্গা জেলার আলমডাঙ্গা থানার বাসিন্দা।

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

দন্ডপ্রাপ্তরা হলেন, চুয়াডাঙ্গা শহরের সাব্দার হোসেনের ছেলে আশারফুজ্জামান বকুল (৪৯), মৃত ইসলাম নেওয়াজের ছেলে উজ্জ্বল হোসেন (৩৩) ও আশরাফুল হকের ছেলে ইমরান হক (২৯)।

দুদকের কুষ্টিয়া সার্কেলের উপ-পরিচালক মোঃ জাকারিয়া জানান, প্রায় সময়ই দুদকের কাছে চুয়াডাঙ্গার বিআরটিএ অফিসের দুর্নীতি নিয়ে অভিযোগ পাওয়া যেত। সেই অভিযোগের উপর ভিত্তি করে দুদক বিআরটিএ অভিযান চালায়। এসময় সাধারণ মানুষকে জিম্মি করে অতিরিক্ত অর্থ আদায়সহ নানা অপরাধে জড়িত থাকার অভিযোগে তিনজন দালালকে হাতেনাতে আটক করে দুদক দল। পরে সেখানে ভ্রাম্যমান আদালত বসিয়ে আটক হওয়া সবাইকে তিনদিন করে কারাদন্ড দেয়া হয়।

ভ্রাম্যমান আদালতের বিচারক ও সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) ওয়াশীমুল বারী জানান, উপযুক্ত তথ্য প্রমাণের ভিত্তিতে তাদেরকে এ রায় প্রদান করা হয়। রায়ের পর দন্ডপ্রাপ্তদেরকে জেল হাজতে পাঠানো হয়েছে।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি

চুয়াডাঙ্গায় সরকারি কর্মচারীর নামে সাধারণ পাসপোর্ট ইস্যু করায় এডির নামে উকিলি নোটিশ

সরকারি কর্মচারীর নামে সাধারণ পাসপোট ইস্যু না করার অভিযোগ এনে চুয়াডাঙ্গার আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারি পরিচালক মো. রুবাইয়াত ফেরদৌসের নামে উকিল নোটিশ পাঠানো হয়েছে।

চুয়াডাঙ্গা যুগ্ম ও জেলা জজ আদালতের সেরেস্তাদার মো. নূরুল ইসলামের নামে সরকারি পাসপোর্টের পরিবর্তে সাধারণ পাসপোর্ট ইস্যু করায় তার পক্ষে আইনজীবী শাহ আলম এ নোটিশ প্রদান করেন।

এ বিষয়ে মো. নূরুল ইসলাম কেন আইনের আশ্রয় নেবেন না তা জানতে চাওয়া হয়েছে নোটিশে।

অভিযোগ সূত্রে জানা যায়, সম্প্রতি মো. নূরুল ইসলাম চুয়াডাঙ্গার আঞ্চলিক পাসপোর্ট অফিসে নিজের নামে সরকারি পাসপোর্টের আবেদন করেন। তিনি ১২ গ্রেডের সরকারি কর্মচারী। মো. নূরুল ইসলাম সরকারি পাসপোর্ট পাবেননা বলে আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারি পরিচালক মো. রুবাইয়াত ফেরদৌস তার নামে সাধারণ পাসপোর্ট ইস্যু করেন।

অথচ একই অফিসের (জজ কোর্ট) ১৯, ২০, ১৬ এবং ১২ গ্রেডের সরকারি কর্মচারীদের নামে সরকারি পাসপোর্ট ইস্যু করেছেন। এতে আইন অমান্য করা হয়েছে এবং মো. নূরুল ইসলামের সম্মানহানী হয়েছে বলে তার আইনজীবী দাবী করেন।

এ বিষয়ে জানতে চুয়াডাঙ্গার আঞ্চলিক পাসপোর্ট অফিসের সহকারি পরিচালক মো. রুবাইয়াত ফেরদৌসের ব্যবহৃত মোবাইল ফোনে বারবার ফোন দিলেও তিনি রিসিভ করেন নি।

- চুয়াডাঙ্গা প্রতিনিধি